# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 22-06-2024

***Time: 19:45-19:55 Hrs***

---------------------------------------

১) ভারত ও বাংলাদেশের মধ্যে আজ বিভিন্ন ক্ষেত্রে সমঝোতা চুক্তি সাক্ষর ।

২) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের সব রাজ্যের অর্থ মন্ত্রীর সঙ্গে নতুন দিল্লীতে প্রাক বাজেট বৈঠক ।

৩) শক্তিপীঠ কামাখ্যা ধামে অম্বুবাচী মেলা আরম্ভ । নীলাচল পাহাড়ে দেশ-বিদেশের ভক্তের সমাগম ।

এবং

৪) ধলাই সহ আসামের ৫টি বিধানসভা আসনে অনুষ্ঠেয় উপ-নির্বাচনের জন্য ভারতীয় জনতা পার্টীর আসাম প্রদেশ সমিতি গঠন ।

---------------------------------------------------------------------------

ভারত ও বাংলাদেশ আজ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে চুক্তি সাক্ষর করা সহ কয়েকটি সমঝতা চুক্তিকে নবীকরণ করেছে । এই চুক্তি গুলির মধ্যে ডিজিট্যাল এবং সবুজ অংশীদারিত্ব , সামুদ্রিক সহযোগিতা , সামুদ্রিক অর্থনীতি

, স্বাস্থ্য এবং ঔষধ , মহাকাশ ক্ষত্রে সহযোগিতা বৃদ্ধি , রেল যোগাযোগ ইত্যাদি অন্যতম । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ভারত সফররত বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার মধ্যে আজ অনুষ্ঠিত দ্বিপাক্ষিক আলোচনার পর এই চুক্তি সমূহ সাক্ষরিত হয়েছে । এক প্রেস বিবৃতিতে প্রধানমন্ত্রী বলেছেন যে বাংলাদেশ , ভারতের প্রতিবেশী রাষ্ট্রকে অগ্রাধিকার প্রদান নীতি , এক্ট ইষ্ট নীতি , ভিজন সাগর এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় সহযোগিতার ক্ষেত্রে যে নীতি গ্রহণ করেছে তা উভয় দেশের মধ্যে সহযোগিতার প্রতিফলন ঘটেছে । তিনি বলেন যে বিগত কয়েক বছরে  উভয় রাষ্ট্র জন কল্যাণের লক্ষ্যে কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকল্প সম্পূর্ণ করেছে । শ্রী মোদী বলেন যে গঙ্গা নদীর উপরের দুই দেশের মধ্যে বিশ্বের দীর্ঘতম রিভার ক্রুজ যাত্রা সফলতার সঙ্গে সম্পন্ন করা সহ মৈত্রী পাইপ লাইনের কাজও শেষ করা হয়েছে । প্রধানমন্ত্রী বলেন যে ভারত বাংলাদেশের জনসাধারণকে চিকিৎসা সুবিধা প্রদান করার জন্য খুব শীঘ্রই ই-চিকিৎসা ভিসা প্রদান প্রকল্প চালু করবে ।

---------------------------------------------------------------------------

অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ সাধারণ বাজেট দাখিলের পূর্বে আজ নতুন দিল্লীতে সব রাজ্য ও কেন্দ্রীয়শাসিত অঞ্চলের অর্থমন্ত্রীদের সঙ্গে প্রাক বাজেট বৈঠকে মিলিত হয়েছেন । বৈঠকে অর্থমন্ত্রী পঙ্কজ চৌধুরী ,অর্থ সচিব টি ভি সোমনাথন ,অর্থনৈতিক পরিক্রমা বিভাগের সচিব এবং প্রবীণ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।এছাড়া মেঘালয় ,মিজোরাম ,নাগালেন্ড , সিকিম ও গোয়ার মূখ্যমন্ত্রী সহ বিহার ,মধ্যপ্রদেশ ,ওড়িশা,রাজস্থান ও তেলেংগানার উপ-মূখ্যমন্ত্রীরা এই বৈঠকে অংশগ্রহণ করেন । সেইসঙ্গে অন্যান্য রাজ্যের অর্থমন্ত্রীরাও বৈঠকে উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------

আগামী ৩০ জুন আকাশবাণী যোগে প্রচারিত মন-কি-বাত অনুষ্ঠানের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জনসাধারণের কাছ থেকে পরামর্শ চেয়েছেন । প্রধানমন্ত্রী সামাজিক মাধ্যমযোগে নরেন্দ্র মোদী এ্যাপ , মাই-গভ মুক্ত মঞ্চের মাধ্যমে অথবা ১৮০০-১১-৭৮০০ এই শুল্কবিহীন নম্বরে ফোন করে পরামর্শ প্রদান করতে সবার প্রতি আহ্বান জানিয়েছেন ।

------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার প্রতিযোগীতামূলক পরীক্ষায় অসাধু উপায় অবলম্বন করার ঘটনা ও অনিয়ম রোধ করার উদ্দেশ্যে কঠোর আইন প্রণয়ন করেছে । এই আইনটিতে দোষীদের ১০ বছর কারাদন্ড ও ১ কোটি টাকা পর্যন্ত জরিমানা আদায়ের ব্যাবস্থা করা হয়েছে । কর্মচারী মন্ত্রনালয়ের আনুষ্ঠানিক গেজেট নোটিফিকেশনের মাধ্যমে এই আইনের ব্যাবস্থাগুলি গতকাল থেকে প্রযোজ্য হয়েছে  কেন্দ্রীয় লোকসেবা আয়োগ ,কর্মচারী বাছাই আয়োগ ,জাতীয় পরীক্ষণ সংস্থা ,রেলওয়ে নিযুক্তি পরিষদ ,ব্যাঙ্ক নিযুক্তি পরীক্ষা এবং অন্যান্য সংস্থা আয়োজিত পরীক্ষাগুলিতে অসাধু পন্থা নিয়ন্ত্রণের উদ্দেশ্যে এই আইনটি প্রণয়ন করা হয়েছে ।

------------------------------------------------------------------------

শক্তিপীঠ কামাখ্যা ধামে আজ থেকে অম্বুবাচী মেলা শুরু হয়েছে । আজ সকাল ৮ টা ৪৩ মিনিট ৩৯ সেকেন্ডে অম্বুবাচী প্রবৃত্তি হোয়ার সংগে সংগে কামাখ্যা মন্দিরের দ্বার ভক্তদের জন্য বন্ধ করে দেওয়া হয় ।২৬ শে জুন দেবীকে পরম্পরাগতভাবে স্নান ও নিত্য পূজার পর সকাল ৬ টায় মন্দিরের দ্বার খুলে দেওয়া হবে । কামাখ্যা মন্দির পরিচালনা সমিতির প্রকাশ করা তথ্য অনুযায়ী কাল থেকে ৩০ জুন পর্যন্ত কোনো ধরণের ভি আই পি , ভি ভি আই পির জন্য প্রবেশ পত্রের ব্যবস্থা রাখা হয়নি । একইভাবে ২৬ ও ২৭ শে জুন বিশেষ টিকিটের ব্যবস্থা থাকবেনা । ভক্তদের মেলার কয়দিন রাত ৮ টা পর্যন্ত নীলাচল পাহাড়ে প্রবেশ করতে দেওয়া হবে ।অবশ্য পান্ডু থেকে কামাখ্যা মন্দির পর্যন্ত যাওয়ার পথটি রাত ৯ টা পর্যন্ত খোলা থাকবে ।অম্বুবাচী মেলার জন্য প্রশাসন আজ সকাল ৫ টা  থেকে ২৫ শে জুন মাঝ রাত পর্যন্ত গাড়ী যানবাহন চলাচলের ক্ষেত্রে বিশেষ নির্দেশনা জারি করেছে । যানবাহন শাখার আয়ুক্ত জানিয়েছেন  যে আজ থেকে বেশ কয়েকটি সড়কে যানবাহন চলাচলের ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে । তীর্থযাত্রী , ভক্ত , দিব্যাংগদের সুরক্ষিত যাতায়াত নিশ্চিত করা সহ জরুরীকালীন সেবায় জড়িত যানবাহন সুষ্ঠুভাবে চলাচল করার জন্য এই বাধা আরোপ করা হয়েছে ।অম্বুবাচী মেলার সময়কালে ফুটহিল থেকে কামাখ্যা মন্দির পর্যন্ত কোনো যানবাহন চলাচল

করতে পারবেনা । দেশী বিদেশী বিভিন্ন বেশ ভূষার সাধু সন্ন্যাসী তথা ভক্তের সমাগমে কামাখ্যা মন্দির প্রাংগনে আনন্দ , উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে । উল্লেখ্য ভক্তদের যাতে কোনো ধরণের অসুবিধার সম্মুখীন হতে নাহয় তার প্রতি লক্ষ্য রেখে কামাখ্যা রেল ষ্টেশন ও পান্ডুঘাটে দুটি করে আশ্রয় শিবির স্থাপন করা হয়েছে ।এছাড়া প্রশাসনের অনুমতি লাভ করা বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন ভক্তদের মধ্যে খাদ্য সরবরাহ করছে ।অম্বুবাচী মহোৎসবের প্রতি লক্ষ্য রেখে সমগ্র নীলাচল পাহাড়কে ধুমপানমুক্ত অঞ্চল হিসেবে ঘোষনা করা হয়েছে । মদ্যপান অথবা অন্য নেশাযুক্ত দ্রব্য সেবন করা কোনো লোককে দেবালয়ের মধ্যে প্রবেশ করতে দেওয়া হবেনা । মহোৎসবের প্রতি লক্ষ্য রেখে পুলিশ প্রশাসন নিরাপত্তা ব্যবস্থা কঠোর করে তুলেছে । এদিকে কামরুপ মহানগর জেলার শিক্ষা বিভাগ বিদ্যালয়গুলিতে অম্বুবাচী মেলার সময় পরীক্ষা অনুষ্ঠিত না করতে নির্দেশ জারি করেছে ।জেলার অর্ন্তগত সব সরকারী , প্রাদেশীকৃত ও ব্যাক্তিগত বিদ্যালয়কে এই বিজ্ঞপ্তী জারি করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

আসামের ধলাই সহ সিদলী ,বঙ্গাইগাঁও সামগুড়ি ও বিহালী এই পাঁচটি বিধানসভা কেন্দ্রে অনুষ্ঠেয় উপ-নির্বাচনের জন্য বিজেপির প্রদেশ সমিতি গঠন করা হয়েছে । রাজ্য বিজেপির সভাপতি ভবেশ কলিতা সমিতির সদস্যদের নাম প্রকাশ করেছেন । সে অনুসারে দলের রাজ্য সাধারন সম্পাদক দিপ্লু রঞ্জন শর্মাকে উপ-নির্বাচন সমিতির আহ্বায়ক হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে । ধলাই বিধানসভা কেন্দ্রের জন্য বিধায়ক কৌশিক রাই ,দলের রাজ্য সম্পাদক কণাদ পুরকায়স্থ এবং কাছাড় জেলা বিজেপির সম্পাদক শশাঙ্ক পালকে দায়িত্ব দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------

রাজ্যের মাধ্যমিক বিদ্যাগুলির নতুন ভবন নির্মান সম্পর্কে আজ মুখ্যমন্ত্রীর কার্যালয়ে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয় । মুখ্যমন্ত্রী ড: শর্মা ও শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু লোক নির্মান ও শিক্ষা বিভাগের আধিকারিকদের সংগে এই বৈঠকে আলোচনায় মিলিত হন । মুখ্যমন্ত্রী ইতিমধ্যে প্রতিটি

বিধানসভা আসনের অর্ন্তগত নির্বাচিত দুটি করে মাধ্যমিক বিদ্যালয় ভবনের নির্মানকাজ শীঘ্র আরম্ভ করতে নির্দেশ দিয়েছেন ।

---------------------------------------------------------------------------

বৃক্ক ও যকৃৎ প্রতিস্থাপনের ক্ষেত্রে গৌহাটী চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ সাংবাদিকদের জানান ।প্রথমবারের মতো গৌহাটী চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতালে সফলভাবে দুজন লোকের দেহে বৃক্ক প্রতিস্থাপন করার পর চিকিৎসালয়টিতে উপস্থিত হয়ে মুখ্যমন্ত্রী বলেন যে রাজ্যে সম্প্রতি অংগদান প্রক্রিয়া আরম্ভ হয়েছে ।দাক্ষিনাত্যে ব্রেইন ডেথ হোয়া লোকের অংগ দান করার ক্ষেত্রে আগে থেকেই সচেতনতা ছিল বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী ড: শর্মা বলেন যে রাজ্যে সচেতনতার অভাবের জন্য অংগদানের সংখ্যা সীমিত । অবশ্য সম্প্রতি পরাগজ্যোতি গগৈ নামের লোকের বৃক্ক দিয়ে দুজন লোককে নতুন জীবন দান করা গেলো বলে তিনি জানান । মুখ্যমন্ত্রী ব্রেইন ডেথ হোয়া লোকের অংগদান করতে চাইলে তাদের পরিবারকে জি এম সি এইচ কতৃপক্ষের সংগে যোগাযোগ করতে আহ্বান জানিয়েছেন । এদিকে মুখ্যমন্ত্রী আজ জি এম সি এইচে আই ভি এফ কেন্দ্রের উদ্বোধন করেন ।এই কেন্দ্রে এপর্যন্ত ৩৬ জন মহিলাকে আই ভি এফ চিকিৎসা প্রদান করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা শাসক রোহন কুমার ঝা এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে ধরিত্রী পোর্টালের সঙ্গে জমি সংক্রান্ত রেকর্ড ( চিঠা ,জমাবন্দী ইত্যাদির ) ডিজিটালাইজেশনের জরুরী প্রয়োজনের পরিপ্রেক্ষিতে কাছাড় জেলার তিনটি রাজস্ব সার্কেল সোনাই ,লক্ষীপুর এবং উধারবন্দের জমি সংক্রান্ত সব পরিষেবা জনসাধারণের জন্য আগামী ২৫ শে জুন থেকে ৩১ শে আগস্ট পর্যন্ত উপলব্ধ থাকবে না । এর পরিপ্রেক্ষিতে এই তিনটি সার্কেলের নাগরিকরা আগামী ২৫ শে জুন থেকে ৩১ শে আগস্ট পর্যন্ত তাদের জমি বিক্রয় ,ইজারা ,হস্তান্তর ,এন ও সি ইত্যাদি সম্পাদন করতে পারবেন না বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার আলগাপুর ব্লকের অধীনে বাঁশবাড়ী দ্বিতীয় খন্ড এলাকায় ও এন জি সি কাছাড় শিলচরের উদ্যোগে এবং স্বেচ্ছাসেবী সংস্থা রুরেল ডেভেলাপমেন্ট অ্যান্ড সোশ্যাল সার্ভিস অরগেনাইজেশন ( আর ডি এস এস ও ) র সহায়তায় এবং জেলা স্বাস্থ্য বিভাগ ও জেলা অন্ধত্ব নিবারণ সমিতির সহযোগীতায় আজ এক চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে । শিবিরে বাঁশবাড়ী দ্বিতীয় ও প্রথম খন্ড ,বাঁশবাড়ী গ্রান্ট ,চন্ডীপুর টি গ্রান্ট সহ পার্শ্ববর্তী এলাকা থেকে আগত প্রায় দুশোরও বেশী চক্ষু রোগীদের বিনামূল্যে চক্ষু পরীক্ষা সহ ক্যাটারেক্ট শণাক্তকরণ ,ঔষধ ও চশমা বিতরণ করা হয় । শিবিরে আর ডি আর এসের মূখ্য আধিকারিক শাহেদ চৌধুরী , ড. প্রবীর রায় ,আজিম হোসেন ,স্বপ্নদীপ দাস প্রমূখ প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।

-----------------------------------------------------------------------